

💵 মুমিন নারীদের বিশেষ বিধান

বিভাগ/অধ্যায়ঃ দ্বিতীয় পরিচ্ছেদ: নারীর শারীরিক সৌন্দর্য গ্রহণ করার বিধান রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

৩. স্বর্ণ ও রূপার ব্যবহার:

সমাজে প্রচলিত রীতি মোতাবেক স্বর্ণ ও রূপা দারা নারীর সৌন্দর্য গ্রহণ করা বৈধ। এটা আলেমদের ঐকমত্যে। তবে পর-পুরুষের জন্য তার অলঙ্কার প্রকাশ করা বৈধ নয়, তাদের থেকে আড়ালে রাখবে, বিশেষভাবে যখন সে ঘর থেকে বের হয় ও পুরুষদের দৃষ্টির নাগালে থাকে। কারণ, এতে ফিতনার আশক্ষা রয়েছে। এ জন্য নারীর পায়ের নিচে কাপড়ের আড়ালে থাকা অলঙ্কারের আওয়াজও পুরুষকে শুনাতে নিষেধ করা হয়েছে।[1] অতএব, প্রকাশ্য অলঙ্কারের হুকুম সহজে অনুমেয়?

ফুটনোট

[1] আল্লাহ তাআলা বলেন: "আর তারা যেন নিজেদের গোপন সৌন্দর্য প্রকাশ করার জন্য সজোরে পদচারণা না করে"। সূরা নূর: (৩১)

• Source — https://www.hadithbd.com/books/link/?id=14687

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন